

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং ৮০.০০.০০০০.৪০২.১১.০৪৫.১৭-১৩৭

তারিখ ০৩ মে ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ক্যাটালগার, স্ট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অভ্যর্থনাকারী পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক গত ১৩-০৩-২০১৮ তারিখে দৈনিক আমাদের অর্থনীতি, দৈনিক জনকণ্ঠ ও দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ কমিশন সচিবালয়ের ক্যাটালগার, স্ট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অভ্যর্থনাকারী পদের লিখিত পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে, বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে :

ক্রঃ নং	পরীক্ষা তারিখ ও সময়	পদের নাম	কেন্দ্রে	রেজিস্ট্রেশন
১.	১১-০৫-২০১৮ (শুক্রবার)	ক্যাটালগার	শেরে বাংলানগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।	১১০০০০১-১১০০০১৬
		স্ট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর		১২০০০০১-১২০০০৬৩৭
		কম্পিউটার মুদ্রাক্ষরিক		১৪০০০০১-১৪০০৭৯৭
		অভ্যর্থনাকারী		১৫০০০০১-১৫০০৩৪৩
২.	বিকাল ৩.০০ টা হতে ৪.৩০ পর্যন্ত	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	শেরে বাংলানগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।	১৩০০০০১-১৩০১৬০০
মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।			১৩০১৬০১-১৩০৩২০০	
আগারগাঁও তালতলা সরকারি কলোনী উচ্চ বিদ্যালয় ও মহিলা কলেজ, আগারগাঁও শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।			১৩০৩২০১-১৩০৪৭৩৮	
৩.				
৪.				

পরীক্ষার সময়সূচী ও নির্দেশাবলী

সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
২.৩০ মিঃ	পরীক্ষার্থীগণ নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন।
	পরীক্ষার্থীদেরকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রের টপ সিটে পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, বর্তমান ঠিকানা ও রেজিস্ট্রেশন নম্বর কালো কালির কলম দিয়ে লিখবেন। পরীক্ষার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের উপর খুলে রাখতে হবে।
৩.০০ মিঃ	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে।
৪.৩০ মিঃ	পরীক্ষার্থীদের পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ প্রশ্নপত্রসহ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

২. পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

- সকল পদের প্রবেশপত্র <http://bpscs.teletalk.com.bd> এই ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। লিখিত/ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষার দিন অবশ্যই প্রবেশ পত্র সাথে আনতে হবে। কারণ যাই হোক না কেন প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
- লিখিত পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শুরু হওয়ার পর কোন প্রার্থীকে হলে প্রবেশ করতে দেয়া হবে না। কোন পরীক্ষার্থী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষার কক্ষে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর এবং ইলেক্ট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- হাজিরা তালিকা এবং উত্তরপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্রের স্বাক্ষরের অনুরূপ হতে হবে।
- পরীক্ষায় অসুদপায় অবলম্বন ও অসদাচরণের কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিস্কার করা হবে। প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।



[সুব্রত কুমার দে
উপসচিব [প্রশাসন]

ও

সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি